মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্ণামেন্ট ২০২৩ উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত

ফুটবল বাঙ্গালীর প্রাণের খেলা। মাটি ও মানুষের সাথে এ খেলার সম্পর্ক অত্যন্ত নিবিড় ও অবিচ্ছেদ্য। ফুটবলে আমাদের রয়েছে সোনালী ইতিহাস। মেহেরপুরে ফুটবল টুর্ণামেন্ট আয়োজনের মধ্য দিয়ে আমাদের সেই ইতিহাস ও ঐতিহ্য ফিরিয়ে আনতে চাই। মেহেরপুরের প্রবীণ ফুটবলাররা এমন আশা ব্যাক্ত করেছেন।

আজ বুধবার (২৬ এপ্রিল) বিকালে মেহেরপুর প্রতিদিন কার্যালয়ে ফুটবল টুর্ণামেন্ট আয়োজন উপলক্ষে আয়োজিত প্রস্তুুতিমুলক সভায় এসব আশা ব্যক্ত করেন তারা। মেহেরপুরের জৈষ্ঠ ফুটবলাররা বলেছেন মেহেরপুর প্রতিদিনের এই আয়োজনটি হবে জেলার গত ২০ বছরের সব চেয়ে বড় আসর। জমকালো আয়োজন হবে এই ফুটবল টুর্ণামেন্টটিতে।

মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দুর সভাপতিত্বে অনুষ্ঠিত এই প্রস্তুতিমুলক সভায় বক্তব্য রাখেন, মেহেরপুরের প্রবীন ফুটবল খেলোয়াড় মাসুদ করিম ধলস, এমদাদুল হক, মনিরুল ইসলাম, ইয়ারুল ইসলাম, হাসানুজ্জামান বাবু, শামস্জ্জুামান শামীম প্রমুখ।

আলোচনা সভায় টুর্ণামেন্টের নামকরন করা হয় “মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্ণামেন্ট-২০২৩” এবং ১৩ সদস্য বিশিষ্ট টুর্ণামেন্ট পরিচালনা কমিটি ও ৮ সদস্য বিশিষ্ট উপদেষ্টা কমিটি গঠণ করা হয়।

টুর্ণামেন্ট পরিচালনা কমিটির আহবায়ক এমদাদুল হক, সদস্য সচিব মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু। এছাড়া সদস্যরা হলেন, প্রবীণ ফুটবলার মাসুদ করিম ধলস, মানিরুল ইসলাম, শামসুজ্জামান শামীম, হাসানুজ্জামান বাবু, শাহীনুর রহমান রিটন, ইয়ারুল ইসলাম, আমিরুল ইসলাম অল্ডাম, জাহাঙ্গীর আলম, মঞ্জুরুল ইসলাম মঞ্জা, আজমাইন হোসেন ও মেহেদী হাসান।

উপদেষ্টা কমিটিতে রয়েছেস প্রবীণ ফুটবলার আব্দুর রহিম (সাবেক শিক্ষক), আব্দুর রহমান (সাবেক মেহেরপুর পৌর মেয়র), মোস্তাফিজুর রহমান বাবু, আব্দুস সামাদ (সাবেক ব্যাংকার), আব্দুস সালাম, শামীম

বসির, খন্দকার আবু শ্যামাইন, আব্দুস সালাম।

গাংনী রিপোটার্স ক্লাবের উদ্যোগে ইফতার ও দোয়া মাহিফল অনুষ্ঠিত

গাংনী রিপোটার্স ক্লাবের উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার ২৬ রমজার বিকেলে গাংনী পাইলট হাইস্কুল মাঠে অনুষ্ঠিত ইফতার ও দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২(গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

রিপোটার্স ক্লাবের সভাপতি আনারুল ইসলাম বাবুর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক।

ইফতার ও দোয়া মাহফিলে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী প্রেসক্লাব সভাপতি তৌহিদ উদ দৌলা রেজা, সাধারণ সম্পাদক মাহাবুব আলম।

ইফতার মাহফিলে রিপোটার্স ক্লাবের সাধারণ সম্পাদক আল আমিন হোসেন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি এমএ লিংকন, সম্পাদক নুরুজ্জামান পাভেল, দৈনিক সুর্যোদয় পত্রিকার প্রকাশক আবুল কাশেম অনুরাগী, ভারপ্রাপ্ত সম্পাদক আতিক স্বপন, ইটভাটা মালিক সমিতির সভাপতি এনামুল হক, সম্পাদক মনিরুজ্জামান আতুসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দরা উপস্থিত ছিলেন।

ইফতার পুর্ববর্তী দোয়া পরিচালনা করেন মাওলানা মোঃ জাহিদুর রহমান।

মেহেরপুর জেলা প্রেসক্লাবের ইফতার মাহফিলের আয়োজন

মেহেরপুর জেলা প্রেসক্লাবের আয়োজন পবিত্র মাহে রমজানের ২৩তম দিনে ইফতার মাহফিলের আয়োজন করা হয়।

গতকাল শনিবার সন্ধ্যায় জেলা প্রেসক্লাবের নিজস্ব কার্যালয়ে সকল সদস্যদের নিয়ে এ ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর সভার মেয়র মাহফুজুর রহমান রিটন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, দৈনিক মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, গাংনী উপজেলা সমবায় কর্মকর্তা মাহবুবুল হক সহ মেহেরপুর জেলা প্রেসক্লাবের সকল সদস্যবৃন্দ।

ফেইসবুকে স্ট্যাটাস দিয়ে দুই পত্রিকার সাংবাদিককে হুমকি

বহুল আলোচিত মাদক ব্যবসায়ী আলমডাঙ্গার ঘণা শ্যামের খুটির জোর কোথায় জনমনে প্রশ্ন।সে এখনো পর্যন্ত বীরদর্পে ঘুরে বেড়ালেও আইনির আওতায় আনতে পারেনী প্রশাসন।এই ঘনা শ্যামের বিরুদ্ধে ধারাবাহিক ভাবে পত্রিকায় সংবাদ প্রকাশিত হয়।

এ সংবাদের জেরে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেইসবুকে স্ট্যাটাস দিয়ে দুই পত্রিকার সাংবাদিককে হুমকি দেওয়া হয়েছে।এবং নিজে বার্চার জন্য স্হানীয় একটি পত্রিকায় প্রতিবাদও দিয়েছে।কে এই ঘনা শ্যাম তার বিরুদ্ধে একাধিক মাদক ব্যাবসায়ীর সাথে সংখ্যাত রয়েছে তার প্রমান আছে সাংবাদিকদের কাছে।

প্রকাশনা সম্পাদক আব্দুর রহমান, সাংগঠনিক সম্পাদক মোস্তাফিজুর রহমান কচি, তথ্য প্রযুক্তি সম্পাদক আবিদ হাসান রিফাত, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক রাজিব মল্লিক, কোষাধ্যক্ষ মাসুম বিল্লাহ, সাংবাদিক সমিতির সহ-সভাপতি মাহমুদ হাসান রনি, যুগ্ম সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন, সাংগঠনিক সম্পাদক হাসমত আলী, দপ্তর সম্পাদক সুকমল চন্দ্র দাস বাঁধন, কোষাধ্যক্ষ আব্দুল হান্নান, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক সাব্বির আলিম, তথ্য প্রযুক্তি সম্পাদক ওয়াসিম রয়েল, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক জামান তারিক, কার্যনির্বাহী সদস্য ওসমান আলী, ফরহাদ হোসেন, প্রমুখ।

অনলাইন নিবন্ধন পেল ‘মেহেরপুর প্রতিদিন’

খুলনা বিভাগের জেলা গুলোর মধ্যে প্রথম অনলাইন নিউজ পোর্টাল হিসেবে নিবন্ধন পেল মেহেরপুর প্রতিদিন (www.meherpurpratidin.com) ।

আজ বুধবার ১২ এপ্রিল তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রেস ১ শাখার উপসচিব মুহাম্মদ মকবুল হোসেন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা গেছে। যার স্মারক নম্বর-১৫.০০.০০০০.০১৯.২২.০১৯.২২-১০৩।

একই বিজ্ঞপ্তিতে ঢাকা থেকে প্রকাশিক ‘প্রতিদিনের বাংলাদেশ’ ও ‘দৈনিক যায় যায় কাল’ নামের দুটি অনলাইনও নিবন্ধন পেয়েছে।

নিবন্ধন পেয়ে মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন বলেন, মেহেরপুর প্রতিদিনের প্রিন্ট ভার্সন মেহেরপুরসহ দক্ষিণ-পশ্চিমাঞ্চলে পাঠকপ্রিয়তা অর্জন করেছে তার বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের মাধ্যমে। একই ভাবে আজ আমরা অনলাইনের নিবন্ধন পেলাম। এখন থেকে মেহেরপুর প্রতিদিন অনলাইন ভার্সনও নতুন মাত্রা যোগ হবে।

মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এম এ এস বলেন, দক্ষিণ-পশ্চিমাঞ্চলের জনপ্রিয় দৈনিক মেহেরপুর প্রতিদিন খুলনা বিভাগের জেলা গুলোর

মধ্যে প্রথম অনলাইন নিউজ পোর্টাল হিসেবে নিবন্ধন পেলো। পত্রিকাটির অনলাইন মাধ্যমও পাঠকের কাছে জনপ্রিয় হয়ে উঠবে বলে প্রত্যাশা করি।

সভাপতি জাহিদুল সেক্রেটারী হানিফ এবং সাংবাদিক সমিতির সভাপতি পিপুল সেক্রেটারী মামুন নির্বাচিত

দর্শনা প্রেসক্লাবের পূর্নাঙ্গ কমিটি গঠন করা হয়েছে। প্রেসক্লাবের দ্বি-বার্ষিক সাধারণ সভায় এ কমিটির অনুমোদন করা হয়। গতকাল রবিবার সন্ধায় দর্শনা প্রেসক্লাব ভবনে অনুষ্টিত সভায় পূর্ণাঙ্গ কমিটির অনুমোদন করা হয়।

সভায় নির্বাচিত কমিটি পর্যায়ক্রমে ২ বছর মেয়াদকালে দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির দায়িত্ব পালন করবে। প্রথম ১ বছর প্রেসক্লাবের সভাপতি দৈনিক পূর্বাঞ্চল প্রতিনিধি মো: জাহিদুল ইসলাম ও দৈনিক মাথাভাঙ্গা দর্শনা সহকারি ব্যুরো প্রধান হানিফ মন্ডল এবং দর্শনা সাংবাদিক সমিতির সভাপতি মাই টিভির চুয়াডাঙ্গা প্রতিনিধি ও দৈনিক যুগান্তর পত্রিকার দামুড়হুদা (চুয়াডাঙ্গা) প্রতিনিধি ইকরামুল হক পিপুল ও সাধারণ সম্পাদক দৈনিক জনবাণী ও দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার দর্শনা প্রতিনিধি আহসান হাবীব মামুনকে নির্বাচিত করা হয়েছে।

পরবর্তীতে এ কমিটি দ্বিতীয় ১ বছর দর্শনা প্রেসক্লাবের সভাপতি মাই টিভির চুয়াডাঙ্গা প্রতিনিধ ও দৈনিক যুগান্তর দামুড়হুদা (চুয়াডাঙ্গা) প্রতিনিধি ইকরামুল হক পিপুল ও সাধারণ সম্পাদক দৈনিক মেহেরপুর প্রতিদিন দর্শনা প্রতিনিধি আহসান হাবীব মামুন এবং সাংবাদিক সমিতির সভাপতি দৈনিক পূর্বাঞ্চল প্রতিনিধি মো: জাহিদুল ইসলাম ও দৈনিক মাথাভাঙ্গা দর্শনা সহকারি ব্যুরো প্রধান হানিফ মন্ডল নির্বাচিত হয়েছে। নির্বাচন পরিচালনা কমিটির আহব্বায়ক

দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি ও সাংবাদিক সমিতির সভাপতি মনিরুজ্জামান ধীরুর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় কমিটির সদস্য সচিব দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেন, সদস্য প্রেসক্লাবের সাধারন সম্পাদক ওসমান আলী, এফএ আলমঙ্গীর ও চঞ্চল মেহমুদ দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতি নামে দুটি কমিটি আগামী ২ বছরের জন্য পূর্নাঙ্গ ১৩ সদস্য বিশিষ্ট উভয় কমিটি ঘোষণা করেন।

প্রেস ক্লাবের সভাপতি হয়েছেন, জাহিদুল ইসলাম, সহ-সভাপতি কামরুজ্জামান যুদ্ধ, সাধারন সম্পাদক হানিফ মন্ডল, যুগ্ম সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, দপ্তর সম্পাদক ইমতিয়াজ আহমেদ রয়েল, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক আব্দুর রহমান, সাংগঠনিক সম্পাদক মোস্তাফিজুর রহমান কচি, তথ্য প্রযুক্তি সম্পাদক আবিদ হাসান রিফাত, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক রাজিব মল্লিক, কোষাধ্যক্ষ মাসুম বিল্লাহ। কার্যনির্বাহী সদস্য মনিরুজ্জামান ধীরু, আওয়াল হোসেন চঞ্চল মেহমুদ। সাংবাদিক সমিতির সভাপতি ইকরামুল হক পিপুল,সহ-সভাপতি মাহমুদ হাসান রনি, সাধারন সম্পাদক আহসান হাবিব মামুন, যুগ্ম সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন, সাংগঠনিক সম্পাদক হাসমত আলী, দপ্তর সম্পাদক সুকমল চন্দ্র দাস বাঁধন, কোষাধ্যক্ষ আব্দুল হান্নান, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক সাব্বির আলিম, তথ্য প্রযুক্তি সম্পাদক ওয়াসিম রয়েল, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক জামান তারিক, কার্যনির্বাহী সদস্য- ওসমান আলী, এফএ আলমগীর, ফরহাদ হোসেন।

উল্লেখ্য গত শুক্রবার দর্শনা প্রেসক্লাবের সহ-সভাপতি কামরুজ্জামান যুদ্ধ সাধারণ সম্পাদক হিসেবে সোশ্যাল মিডিয়া ফেসবুক ও প্রিন্ট মিডিয়া সংবাদ প্রকাশিত হয়।

গতকাল রোববার নির্বাচন কমিটি বৈঠকে পরিষদের আহ্বায়ক মনিরুজ্জামান ধীরু,সদস্য সচিব আওয়াল হোসেন, সদস্য ওসমান আলী ও চঞ্চল মেহমুদ এই পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করেছে।

বেতন না পেয়ে স্কুল পরিচালকের বিরুদ্ধে শিক্ষকের অভিযোগ

হুমকী, হয়রানির প্রতিকার ও প্রাপ্ত বেতন চেয়ে গাংনী সূর্যোদয় স্কুল এন্ড কলেজের পরিচালক আবুল কাসেম অনুরাগীর বিরুদ্ধে অভিযোগ এনে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের বরাবর লিখিত আবেদন করেছেন স্কুলের বরখাস্তকৃত শিক্ষক শাহীন ইসলাম। অভিযুক্ত আবুল কাসেম অনুরাগী দৈনিক আমাদের সূর্যোদয় পত্রিকার প্রকাশক ও সম্পাদকও।

লিখিত আবেদনের কপি দৈনিক মেহেরপুর প্রতিদিনসহ স্থানীয় দুটি প্রেসক্লাবের সভাপতি বরাবরও দিয়েছে আবেদনকারী।
বরখাস্তকৃত শাহীন ইসলাম তার লিখিত অভিযোগে বলেন, তিনি ৫ নভেম্বর ২০২১ সাল থেকে ২৬ অক্টোবর ২০২২ সাল পর্যন্ত গাংনী সূর্যোদয় স্কুল এন্ড কলেজে সাধারণ শিক্ষক হিসেবে কর্মরত ছিলেন। ওই সময়ের মধ্যে তাকে নিয়োগপত্র ও প্রতিশ্রুতি মোতাবেক বেতন দেননি বলে অভিযোগ করেন। তিনি নিয়োগপত্র ও প্রতিশ্রুতি মোতাবেক বেতন চেয়ে এ আবেদন করেছেন।

তিনি আরো বলেন, গত ২৬ অক্টোবর ২০২২ ইং তারিখে বিভিন্ন মিথ্যা অপবাদ দিয়ে স্কুল থেকে বরখান্ত করা হয় এবং এসএসির মুল সনদপত্র ও দুই মাসের বেতন আনুমানিক ২৫ হাজার টাকা স্কুলের পরিচালক আবুল কাসেম আটকিয়ে রেখে হয়রানি করেন। এছাড়া মুঠো ফোনের মাধ্যমে আবুল কাসেম রাজনৈতিক ক্ষমতার দাপট দেখিয়ে একজন শিক্ষককে দিয়ে নানাভাবে হুমকী দেন। এছাড়া তার প্রকাশিত পত্রিকা দৈনিক আমাদের সূর্যোদয় পত্রিকায় সংবাদ প্রকাশ করে ভবিষ্যতে ওই শিক্ষকের ক্ষতি করবে বলেও হুমকি দেন। অবশেষে তিন মাস পর ১০ জানুয়ারী ২০২৩ তারিখে মুল সনদপত্র ফেরত দেন এবং দুই মাসের বেতন দেওয়ার প্রতিশ্রুতি দেন। কিন্তু তিন মাস পার হলেও এখন পর্যন্ত আমার সেই দুই মাসের বকেয়া বেতন ফেরত দেননি। বিষয়টির প্রতি সুদৃষ্টি দিয়ে আবুল কাসেমের হয়রানির হাত থেকে মুক্ত ও দুই মাসের বকেয়া বেতন আদায় করে দিতে ব্যবস্থা নেওয়ার আবেদন জানান তিনি।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু বলেন, আবেদন দিলেও এখন আমার টেবিলে এসে পৌছায়নি। তবে আগামী (আজ) রবিবার আমার টেবিলে আসতে পারে। এধরণের অভিযোগ পেলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

তবে, ইউএনও অফিসের সহকারী বজলুর রহমান বলেন, দরখাস্ত পাওয়া গেছে ইউএনও স্যারের টেবিলে পৌছে দেওয়া হবে।
এ ব্যাপারে গাংনী সূর্যোদয় স্কুল এন্ড কলেজের পরিচালক আবুল কাসেম অনুরাগীর মোবাইলে মেহেরপুর প্রতিদিন থেকে ফোন করা হলে তিনি ফোন রিসিভ না করায় মতামত নেওয়া সম্ভব হয়নি।

দামুড়হুদা প্রেসক্লাবে ইফতার ও নবাগত ওসিকে শুভেচ্ছা প্রদান অনুষ্ঠান

দামুড়হুদা প্রেসক্লাবে ইফতার মাহফিল ও নবাগত (ওসি) সাইফুল ইসলাম কে ফুলেল শুভেচছা প্রদান করা হয়েছে।

গতকাল শনিবার বিকালে দামুড়হুদা প্রেসক্লাবের আয়োজনে ইফতার মাহফিলের আগে দামুড়হুদা মডেল থানার নবাগত (ওসি) সাইফুল ইসলাম কে দামুড়হুদা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির পক্ষে ফুলেল শুভেচছা দেয়া হয়।

এরপর সংক্ষিপ্ত আলোচনা সভায় সভাপতিত্ব করেন দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী। এসময় উপস্থিত সাংবাদিকদের সহযোগিতা চেয়ে বক্তব্য রাখেন দামুড়হুদা মডেল থানার নবাগত ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম।

তিনি বক্তব্যে বলেন, দামুড়হুদা প্রেসক্লাবে যেন কোনো হলুদ সাংবাদিকদের ঠাঁই না হয়। সাংবাদিকরা জাতির বিবেক, তারা সব সময় দেশ ও জনগণের জন্য নিঃস্বার্থ ভাবে কাজ করে। আমি আশা করি দামুড়হুদা প্রেসক্লাবের সাংবাদিকরা আগামীতে দেশ, ও জনগণের কল্যাণে ভালো কাজের ধারা অব্যাহত রাখবে এবং সরকারের উন্নয়ন মূলক কর্মকাণ্ডগুলো তাদের লেখনির মধ্যমে তুলে ধরবে।

উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার পরিদর্শক (তদন্ত) শফিকুল আলম, পরিদর্শক (অপারেশন) শফিউল আলম, দামুড়হুদা সদর ইউনিয়ন

পরিষদের চেয়ারম্যান মো হযরত আলী, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাবিবুর রহমান, সিনিয়র সহসভাপতি হাফিজুর রহমান কাজল, দামুড়হুদা উপজেলা সাংবাদিক সমিতির সভাপতি আলি আজগার সোনা, সাধারণ সম্পাদক তানজীর ফয়সাল, প্রেসক্লাব সহসভাপতি মাহাবুবুর রহমান মনি, যুগ্ন সাধারণ সম্পাদক মিরাজুল ইসলাম মিরাজ, যুগ্ম সাধারণ সম্পাদক (২) মেহেদী হাসান মিলন, সাংগঠনিক সম্পাদক সাজিদ হাসান সোহাগ, অর্থ সম্পাদক আহাদ আলী, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক বিল্লাল হোসেন, দপ্তর সম্পাদক খালেকুজ্জামান, তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক শরিফুল ইসলাম, প্রচার ও প্রকাশনা সম্পাদক সালেকিন মিয়া সাগর, নির্বাহী সদস্য আব্দুস সালাম, জাহিদুর রহমান মুকুল, শামসুজ্জোহা পলাশ, সদস্য শমশের আলী, সাংবাদিক সমিতির সহসভাপতি ফজলুর রহমান, সাংগঠনিক সম্পাদক এসএম সুজন৷ নির্বাহী সদস্য সালাউদ্দিন প্রমুখ।

দর্শনা প্রেসক্লাবের দ্বি বার্ষিক সাধারণ সভা সভাপতি জাহিদুল সেক্রেটারী যুদ্ধ

চুয়াডাঙ্গার দর্শনা প্রেসক্লাবের দ্বি-বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। দর্শনা প্রেসক্লাবের সভাপতি জাহিদুল ইসলাম ও সেক্রেটারী কামরুজ্জামান যুদ্ধ এবং সাংবাদিক সমিতির সভাপতি ইকরামুল হক পিপুল ও সেক্রেটারী আহসান হাবীব মামুন।

গতকাল শুক্রবার সন্ধার পর দর্শনা প্রেসক্লাব ভবনে এ সভা অনুষ্ঠিত হয়। সাধারণ সভায় দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি আওয়াল হোসেনের সভাপতিত্বে বিগত কমিটির আয় ও ব্যয় সহ প্রতিবেদন পাঠ করেন সাধারণ সম্পাদক ওসমান আলী। এরপর সকলের মতামতের ভিত্তিতে ৫ সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি গঠন করা হয়। তারপর আহ্বায়ক কমিটি ১৩ সদস্য বিশিষ্ট প্রেস ক্লাবের একটি পূর্নাঙ্গ কমিটি ও ১৩ সদস্য বিশিষ্ট সাংবাদিক সমিতির পূর্নাঙ্গ কমিটি ঘোষণা করেন।

প্রেস ক্লাবের সভাপতি হয়েছেন, জাহিদুল ইসলাম, সহ-সভাপতি চঞ্চল মেহমুদ, সাধারণ সম্পাদক কামরুজ্জামান যুদ্ধ, যুগ্ম সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, দপ্তর সম্পাদক ইমতিয়াজ আহমেদ রয়েল, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক আব্দুর রহমান, সাংগঠনিক সম্পাদক মোস্তাফিজুর রহমান কচি, তথ্য প্রযুক্তি সম্পাদক ওয়াসিম রয়েল, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক রাজিব মল্লিক, কোষাধ্যক্ষ মাসুম বিল্লাহ। কার্যনির্বাহী সদস্য- হানিফ মন্ডল, মনিরুজ্জামান ধীরু, আওয়াল হোসেন।

সাংবাদিক সমিতির সভাপতি ইকরামুল হক পিপুল, সহ-সভাপতি মাহমুদ হাসান রনি, সাধারণ সম্পাদক আহসান হাবীব মামুন, যুগ্ম সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন, দপ্তর সম্পাদক সুকমল চন্দ্র দাস বাঁধন, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক সাব্বির আলিম, সাংগঠনিক সম্পাদক হাসমত আলী, তথ্য প্রযুক্তি সম্পাদক ওয়াসিম রয়েল, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক জামান তারিক, কোষাধ্যক্ষ আব্দুল হান্নান। কার্যনির্বাহী সদস্য- ওসমান আলী, চঞ্চল মেহমুদ, ফরহাদ হোসেন।

মেহেরপুরে সাংবাদিকদের সঙ্গে নবাগত জেলা প্রশাসকের মতবিনিময়

মেহেরপুর জেলায় কর্মরত গণমাধ্যমকর্মী এবং সাংবাদিকবৃন্দের সঙ্গে নবাগত জেলা প্রশাসক সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (৬ই এপ্রিল) জেলা প্রশাসকের সভাকক্ষে নবাগত জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামের সভাপতিত্বে উপস্থিত ছিলেন উপ-পরিচালক স্থানীয় সরকার মৃধা মো.মোজাহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিংকন বিশ্বাসসহ বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শুরুতেই নবাগত জেলা প্রশাসকের স্বাগত বক্তব্যের পর সাংবাদিকদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি ও যুগান্তরের সাংবাদিক তোজাম্মেল আযম, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও ইত্তেফাকের সাংবাদিক মাহাবুব

চান্দু, জিটিভির জেলা প্রতিনিধি রফিকুল আলম, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ও কালেরকন্ঠের সাংবাদিক ইয়াদুল মোমিন, বাসসের সাংবাদিক দিলরুবা খাতুন, গাংনী প্রেসক্লাবের সভাপতি তৌহিদ উদ দৌলা, আরটিভির সাংবাদিক মাজেদুল হক মানিক, চ্যানেল টুয়েন্টিফোরের স্টাফ রিপোর্টার রাশেদুজ্জামান সহ প্রমুখ।

এসময় জেলার উন্নয়ন, সম্ভাবনা ও সমস্যা গণমাধ্যমে তুলে ধরতে সাংবাদিকদের সার্বিক সহোযোগিতা ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশের কথা তুলে ধরা হয়।